গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
www.kurigram.gov.bd

| | | |
|---|---|---|
| বিষয় | : | জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী। |
| সভাপতি | : | মোহাম্মদ সাইদুল আরীফ<br>জেলা প্রশাসক, কুড়িগ্রাম। |
| স্থান | : | জেলা প্রশাসকের সম্মেলনকক্ষ, কুড়িগ্রাম। |
| তারিখ | : | ১০/০৫/২০২৩ খ্রিঃ, সময়ঃ- সকাল ১০.৩০ ঘটিকা। |

<u>উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট ''ক'')</u>

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা গত সভার কার্যবিবরণী পাঠ করেন। কোন প্রকার সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

সভাপতির অনুমতিক্রমে জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা আসন্ন ঘূর্ণিঝড় "মোখা" এর পরিস্থিতি সম্পর্কে সভায় সকলকে অবগত করেন। এছাড়া তিনি জানান বাংলাদেশে সাধারণত মার্চ-নভেম্বর মাসে দুর্যোগের ঘটনা বেশি ঘটার আশংকা থাকে। দুর্যোগ পরিস্থিতি মোকাবেলার জন্য বর্তমানে জেলায় ৫৪১ মেট্রিক টন ত্রাণ কার্য (চাল) ও ১০,২১,০০০/- (দশ লক্ষ একুশ হাজার) টাকা ত্রাণ কার্য (নগদ) ও ১২৫ বান্ডিল ঢেউটিন মজুদ রয়েছে।

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা আরও জানান যেকোন প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের আওতাধীন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক নির্মিত বন্যা আশ্রয়কেন্দ্র প্রস্তুত রাখা হয়েছে। এছাড়া, যে কোন দুর্যোগের সময় উপজেলা/ইউনিয়ন পর্যায়ে স্কুল/কলেজ/মাদ্রাসাগুলোকে আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহৃত হয়ে থাকে।

সভাপতি জানান ঘূর্ণিঝড় 'মোখা' সুপার সাইক্লোনে রূপ নিতে পারে এবং এটি ১৪ মে নাগাদ বাংলাদেশের উপকূল অতিক্রম করতে পারে । আবহাওয়ার পূর্বাভাস অনুযায়ী এবং বিগত বছরগুলোতে সংগঠিত ঘূর্ণিঝড়ের সময় উপকূলবর্তী এলাকা ছাড়াও দেশব্যাপী বৃষ্টিপাত, বজ্রসহ বৃষ্টিপাত হয়ে থাকে। এছাড়া, এসময়ে বাতাসের গতিবেগ বেড়ে গিয়ে পাকা ধানসহ পরিপক্ক ফল-ফলাদির ক্ষতি হয়ে থাকে। সম্ভাব্য ক্ষয়ক্ষতি কমিয়ে আনার ও সহনীয় পর্যায়ে রাখার জন্য ঘূর্ণিঝড় 'মোখা' মোকাবিলায় সরকার তথা জেলা প্রশাসন সবদিক থেকেই প্রস্তুত আছে। এছাড়া জেলা প্রশাসন ইতোমধ্যে জেলার সকল সরকারি-বেসরকারি দপ্তরসহ সংশ্লিষ্ট সকলকে ঘূর্ণিঝড় 'মোখা' মোকাবিলায় সচেষ্ট হওয়ার জন্য পরামর্শ প্রদান করা হয়েছে।

এবিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:-

১. জরুরিভিত্তিতে সকল উপজেলা, পৌরসভা, ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি সভার আহ্বান করবেন। সভায় দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির দায়িত্ব সম্পর্কে কমিটির সকলকে অবহিত করবেন এবং কর্মপরিকল্পনা প্রণয়ন করবেন। প্রণীত কর্মপরিকল্পনা এ কার্যালয়ের দুর্যোগ ব্যবস্থাপনা শাখায় প্রেরণ নিশ্চিত করবেন।

২. ঘূর্ণিঝড় 'মোখা' এর সময় যেসব স্কুল/কলেজ/মাদ্রাসা পরীক্ষার কেন্দ্র হিসেবে ব্যবহৃত হচ্ছে সেসব স্কুল/কলেজ/মাদ্রাসা ঘূর্ণিঝড় 'মোখা' এর আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহারের আওতাভুক্ত হবে না।

৩. জেলা পর্যায়ে নিয়ন্ত্রণ কক্ষ খোলা হলো। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা নিয়ন্ত্রণ কক্ষের সার্বক্ষণিক দায়িত্ব পালন করবেন। মোবাইল নম্বর- ০১৭০০-৭১৬৭৩৩/০১৭১৫-০৫৭৫৩২/০১৭৪০৮২৪১১১ এবং টেলিফোন নম্বর- ০২৫৮৯৯৫০১৫৩।

৪. উপজেলা পর্যায়ে নিয়ন্ত্রণ কক্ষ খুলে নিয়মিতি ঘূর্ণিঝড় 'মোখা' পরিস্থিতি ও তা মোকাবিলায় প্রস্তুতি বিষয়ে তাৎক্ষণিক প্রতিবেদন এ কার্যালয়ের দুর্যোগ ব্যবস্থাপনা শাখায় প্রেরণ নিশ্চিত করবেন।

৫. ঘূর্ণিঝড় 'মোখা' কবলিত এলাকায় সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও অন্যান্য বিভাগের কর্মকর্তাগণ সরজমিন পরিদর্শন করবেন। ক্ষয়ক্ষতি ও ক্ষতিগ্রস্তদের তথ্য এসওএস এবং ডি ফরম-এ দ্রুত প্রেরণ করবেন।

৬. প্রয়োজনে জেলা তথ্য অফিস ঘূর্ণিঝড় 'মোখা' সম্পর্কে মাইকিং করে জনগণের মাঝে ব্যাপক প্রচারের ব্যবস্থা করবেন এবং জনগণকে নিকটস্থ আশ্রয়কেন্দ্রে নিরাপদ আশ্রয় নেয়ার জন্য প্রয়োজনীয় নির্দেশনা/পরামর্শ প্রদান করবেন। অনুরূপভাবে পৌরসভা, উপজেলা ঘূর্ণিঝড় 'মোখা' সম্পর্কে মাইকিং করে জনগণের মাঝে ব্যাপক প্রচারের ব্যবস্থা করবেন।

চলমান/০২

৭. স্বাস্থ্য বিভাগ জেলা এবং উপজেলা পর্যায়ে প্রয়োজনীয় মেডিকেল টিম, খাবার স্যালাইনসহ জরুরি প্রতিরোধ ও প্রতিষেধক ওষুধ ও উপকরণ, কমিউনিটি ক্লিনিক, ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্র ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সগুলোতে সার্বক্ষণিক চিকিৎসা সেবা, স্বাস্থ্য প্রতিষ্ঠানগুলোর অ্যাম্বুলেন্সগুলো প্রয়োজনীয় জ্বালানিসহ প্রস্তুত রাখবেন।

৮. প্রাণিসম্পদ বিভাগ গৃহপালিত পশুর প্রয়োজনীয় ঔষধ সামগ্রী ও গো-খাদ্যের ব্যবস্থা গ্রহণ করবেন। প্রয়োজন হলে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট চাহিদা প্রেরণ করবেন।

১০. সকল এনজিও ঘূর্ণিঝড় 'মোখা' এর সময় ও পরবর্তী সময়ে জেলা/উপজেলা প্রশাসনের সহিত সমন্বয় করে ত্রাণ কার্যক্রম পরিচালনা করবেন।

১১. উপজেলা নির্বাহী অফিসারগণ জনগণকে যাতে কাঁচা ঘরবাড়ির দুর্বলখুটি অপসারণ ও বাতাস বেশি হলে নিরাপদ আশ্রয়ে স্থানান্তরের পরামর্শ দেবেন। এছাড়া, গাছ কিংবা বড়বড় গাছের ডালপালা ভেঙ্গে যাতে জানমালের ক্ষতি করতে না পারে সে জন্য পূর্বেই জনগণের মাঝে প্রচারের ব্যবস্থাসহ ঝড়ের পরে দ্রুত উদ্ধার ও রাস্তাঘাট হতে ভাঙ্গা গাছ ও ডালপালা অপসারণের জন্য সেচ্ছাসেবক টিম প্রস্তুত রাখবেন।

১২. উপজেলা নির্বাহী অফিসারগণ নৌ দুর্ঘটনা এড়াতে ধারণ ক্ষমতার অতিরিক্ত জনগণ পাড়াপাড়ের বিষয়ে নিষেধাজ্ঞা আরোপ এবং ঝড়ের সময় নৌকা চালানো থেকে বিরত থাকা, ঝড় না থামা পর্যন্ত নিরাপদ আশ্রয়ে অবস্থান নিশ্চিত করতে প্রচারণা চালাবেন। প্রয়োজনে দুর্গতদের উদ্ধার কাজে ব্যবহারের জন্য সরকারি, বেসরকারি ও ব্যক্তিগত নৌকা/স্পীডবোট পরিচালক/মালিকগণের তালিকা করে মোবাইল নম্বর সংরক্ষণ করবেন।

১৩. জেলা শিক্ষা ও প্রাথমিক শিক্ষা বিভাগ দুর্যোগের সময় প্রয়োজনে আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহৃত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ভবন, নলকূপ, টয়লেট মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানদের এ বিষয়ে আগাম পরামর্শ প্রদান করবেন। প্রয়োজনে যে সকল বিদ্যালয় আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহার করা হবে সে সকল বিদ্যালয়ের অতিরিক্ত চাবি সংশ্লিষ্ট সকলের নিকট রাখাসহ প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বর সংরক্ষণ করবেন।

১৪. ফায়ারসার্ভিস ও সিভিল ডিফেন্স দুর্যোগে উদ্ধার তৎপরতায় অংশগ্রহণের জন্য সর্বদা প্রস্তুত থাকবেন।

১৫. আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী যেকোন প্রাকৃতিক দুর্যোগের সময় উদ্ধার তৎপরতা ও ত্রাণ কার্যক্রমে অংশগ্রহণের জন্য ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে দল গঠন ও প্রস্তুতকৃত দলের তালিকা ইউনিয়ন/উপজেলা/ পৌরসভা প্রশাসনের নিকট প্রেরণ ও সদস্যদের সজাগ থাকার জন্য অধীনস্থদের নির্দেশনা প্রদান করবেন।

১৬. বাংলাদেশ স্কাউট/ রোভার স্কাউট যেকোন প্রাকৃতিক দুর্যোগের সময় উদ্ধার তৎপরতা ও ত্রাণ কার্যক্রমে অংশগ্রহণের জন্য ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে দল গঠন, প্রস্তুতকৃত দলের তালিকা এ কার্যালয়ে প্রেরণ করবেন।

১৭. কৃষি বিভাগ কৃষকদের ধান ৮০ শতাংশ পেকে গেলেই কেটে ঘরে তোলা, পরিপক্ক আম ও অন্যান্য ফল-ফলাদি গাছে পাকিয়ে ঘরে তোলার অপেক্ষা না করাসহ কৃষকদের মাঝে আগাম সতর্কবার্তা ও প্রয়োজনীয় তথ্য প্রচার ও সচেতনতা বৃদ্ধি করবেন।

১৮. উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা কমিটিকে সক্রিয় করতে হবে এবং নিয়মিত সভা আহ্বান করতে হবে।

১৯. দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সাথে সম্পৃক্ত জেলা/উপজেলা/পৌরসভা/ইউনিয়ন পর্যায়ে কর্মকর্তা/কর্মচারীসহ সকল সদস্য কর্মস্থলে থাকতে হবে। নিয়ন্ত্রাণাধীন কর্মকর্তার অনুমতি ব্যতিত কোনভাবেই কর্মস্থল ত্যাগ করা যাবে না।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৬.১১.৫.২০২৩

(মোহাম্মদ সাইদুল আরীফ)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি, কুড়িগ্রাম।
ফোন- ০২৫৮৯৯৫০০২২ (অঃ)
ই-মেইল dckurigram@mopa.gov.bd

স্মারক নং- ৫১.০১.৪৯০০.০০০.০৬.০০১১.১৯-২৫৪ তারিখঃ-১১/০৫/২০২৩ খ্রিঃ।

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৫। মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
৬। পুলিশ সুপার, কুড়িগ্রাম।
৭। সিভিল সার্জন, কুড়িগ্রাম।
৮। মেয়র, কুড়িগ্রাম/নাগেশ্বরী/উলিপুর পৌরসভা, কুড়িগ্রাম।
৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল),.................................. কুড়িগ্রাম।
১০। উপজেলা নির্বাহী অফিসার (সকল),...................................... কুড়িগ্রাম।
১১। সহকারী কমিশনার, আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম (তাকে বর্ণিত কার্যবিবরণী ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
১২। জেলা তথ্য অফিসার, কুড়িগ্রাম।
১৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (সকল)...........................কুড়িগ্রাম।
১৪। ................................................কুড়িগ্রাম।
১৫। অফিস নথি।

১১.০৫.২০২৩

(মোঃ আব্দুল হাই সরকার)
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
ও
সদস্য সচিব
জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি কুড়িগ্রাম।
ফোন নং- ০২৫৮৯৯৫০১৫৩
ই-মেইল drro.kurigram@gmail.com